দৈনিক বাংলা

তারিখ 22 DEC 1993
পৃষ্ঠা ৪ কলাম ৩

# এল এল এম পড়ার সুযোগ চাই

আমাদের শিক্ষা ব্যবস্থা, বিশেষ করে আইন শিক্ষার ব্যাপারে এমন যে এখানে এলএলবি পাস করার পর এলএলএম পড়ার কোন সুযোগ নেই। অথচ অন্যান্য বিষয়ে স্নাতক ডিগ্রী নিয়ে মাষ্টার্স পড়ার সুযোগ পাওয়া যায়। কিন্তু আইন বিষয়ে এলএলবি বা স্নাতক ডিগ্রী নিয়ে এলএলএম পড়ার প্রবল আগ্রহ থাকা সত্ত্বেও তার সুযোগ কেউ পাবে না এটা নিতান্তই দুর্ভাগ্যের ব্যাপার। প্রসঙ্গতঃ উল্লেখ্য, বর্তমানে আইন শিক্ষার মান উন্নয়নের জন্য বার কাউন্সিল যথেষ্ট তৎপর রয়েছে। তবে দুঃখের বিষয় এ ব্যাপারে সরকারের পক্ষ থেকে মোটেই কোন উৎসাহ পরিলক্ষিত হয় না। আর তাই দেশে একটিও সরকারী আইন কলেজ নেই। তাছাড়া আরো উল্লেখ্য, আমাদের দেশে অধিকাংশ ছাত্রছাত্রী বাংলা মিডিয়ামে পরীক্ষা দেয় কিন্তু বাংলায় উন্নত মানের মূল বই আদৌ পাওয়া যায় না। যে সব বই পাওয়া যায় সেগুলি পাসের জন্য উপযুক্ত হলেও আইন শিক্ষার জন্য মোটেই উপযুক্ত নয় তাই আইনের ছাত্রছাত্রীদের পক্ষ থেকে আমি বার কাউন্সিল এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে নিম্নোক্ত কয়েকটি প্রস্তাব রাখতে চাই—

ইচ্ছুক ছাত্রছাত্রীদের এলএলবি পাসের পর এলএলএম পড়ার সুযোগ দেওয়া হোক।

দেশে আলাদা একটি আইন বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা অথবা বিশ্ববিদ্যালয়গুলিতে আইন বিষয়ে মাষ্টারস কোর্স চালু করা হোক।

সেমিষ্টার পদ্ধতিতে আইন শিক্ষার ব্যবস্থা হোক।

বাংলায় উন্নতমানের বই প্রসার ও প্রকাশের ব্যবস্থা নেয়া হোক।

আইন কলেজগুলিকে জাতীয়করণের পদক্ষেপ গ্রহণ করা হোক।

আশা করি কর্তৃপক্ষ প্রস্তাবগুলি গুরুত্ব সহকারে বিবেচনা করে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা আশু গ্রহণ করবেন।

মোঃ হাবিবুর রহমান (চঞ্চল)
এলএলবি (প্রিলিঃ)
ধানমন্ডি ল' কলেজ, ঢাকা।